

## মা'রুফ বনাম মুনকার এর পার্থক্য

পার্থক্যের বিষয়	মা'রুফ	মুনকার
সংজ্ঞা	যখন কোনো দুর্বল (যঈফ) রাবীর বিপরীতে কোনো নির্ভরযোগ্য (সিকাহ) রাবী হাদীস বর্ণনা করেন, তখন নির্ভরযোগ্য রাবীর বর্ণনাটিকে মা'রুফ বলে।	যখন কোনো দুর্বল (যঈফ) রাবী কোনো নির্ভরযোগ্য (সিকাহ) রাবীর বিপরীতে হাদীস বর্ণনা করেন, তখন দুর্বল রাবীর বর্ণনাটিকে মুনকার বলে।
বর্ণনাকারীর যোগ্যতা	এর বর্ণনাকারী সিকাহ বা বিশ্বাসযোগ্য।	এর বর্ণনাকারী যঈফ বা দুর্বল।
গ্রহণযোগ্যতা	এটি মকবুল বা গ্রহণযোগ্য হাদীস। এর ওপর আমল করা হয়।	এটি মারদুদ বা প্রত্যাখ্যাত হাদীস। এটি বর্জনীয়।
বিজয়ী/বিজিত	এটি বিরোধের ক্ষেত্রে বিজয়ী।	এটি বিরোধের ক্ষেত্রে বিজিত।
শাব্দিক অর্থ	পরিচিত, বা যা ভালো হিসেবে স্বীকৃত।	অপরিচিত, বা যা প্রত্যাখ্যাত/আপত্তিকর।